গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা

স্মারক নং-শা-২/২এম-১৬/২০০০/২৫২ তারিখ: ১০ মে ২০১১

পরিপত্র

সরকারি অফিসের জন্য বেসরকারি বাড়ী ভাড়ার ক্ষেত্রে বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় বাড়ী ভাড়ার হার নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলোঃ

(ক) ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকার বেসরকারি বাড়ী ভাড়ার হারঃ

| ভবনের বিশদ বিবরণ (স্পেসিফিকেশন) | জেলার নাম ঃ ঢাকা | | | | |
|---|---|---|---|---|---|
| | এলাকার নাম | এলাকার নাম | এলাকার নাম | এলাকার নাম | এলাকার নাম |
| | হাজারীবাগ টেনারী এলাকা, তেজগাঁও আবাসিক ও শিল্প এলাকা, মিরপুর আবাসিক এলাকা, মোহাম্মদপুর শিল্প এলাকা, পল্লবী, রোকেয়া স্মরণী সংলগ্ন তেজতুরী বাজার, সায়েদাবাদ, যাত্রাবাড়ী ও পোস্তগোলা এলাকা (মূল সড়ক হতে ১০০ ফুটের বেশি দূরে)। | মোহাম্মদপুর আবাসিক এলাকা, লালমাটিয়া, খিলগাঁও পুনর্বাসন এলাকা (মূল সড়ক হতে ১০০ ফুটের বেশি), মহাখালী বাণিজ্যিক এলাকা (মূল সড়ক হতে ১০০ ফুটের মধ্যে), উত্তরা মডেল টাউন, ইন্দিরা রোড সংলগ্ন রামপুরা রোড। | আজিমপুর, শেরেবাংলা নগর, ফকিরাপুল, আরামবাগ, মগবাজার, লালমাটিয়া, মোহাম্মদপুর, শ্যামলী, ধানমন্ডি (মূল সড়ক হতে ১০০ ফুটের মধ্যে), কাকরাইল, সেগুনবাগিচা, বিজয়নগর, নয়াপল্টন, ইস্কাটন, গ্রীণরোড, এলিফ্যান্ট রোড (মূল সড়ক হতে ১০০ ফুটের বেশি দূরে), রাজারবাগ এলাকা, পুনর্বাসন এলাকা ব্যতীত (মূল সড়ক হতে ১০০ ফুটের মধ্যে), কলাবাগান, মিরপুর রোড (১০০ ফুটের দূরের এরিয়া), শান্তিনগর, ওয়ারী, হাটখোলা (মূল সড়ক সংলগ্ন), খিলগাঁও পুনর্বাসন এলাকা (মূল সড়ক হতে ১০০ ফুটের মধ্যে) | কাকরাইল, সেগুনবাগিচা, বিজয়নগর, নয়াপল্টন, পুরানা পল্টন, ইস্কাটন, গ্রীণরোড, এলিফ্যান্ট রোড (মূল সড়ক হতে ১০০ ফুটের বেশি দূরে), কলাবাগান, আসাদ এভিনিউ (মূল সড়ক সংলগ্ন), মিরপুর রোড, সাত মসজিদ রোড, কাকরাইল, সেগুনবাগিচা, বিজয়নগর, নয়াপল্টন, ইস্কাটন, গ্রীণরোড, এলিফ্যান্ট রোড (মূল সড়ক হতে ১০০ ফুটের মধ্যে), সোনারগাঁও রোড, নিউইস্কাটন রোড, নিউ এয়ারপোর্ট এলাকা, গুলশান, বনানী ও বারিধারা এলাকা। | মতিঝিল বাণিজ্যিক এলাকা, দিলকুশা বাণিজ্যিক এলাকা, নবাবপুর, ফুলবাড়ীয়া এলাকা, বঙ্গবন্ধু এভিনিউ, কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ভিআইপি রোড (কাজী নজরুল ইসলাম এভিনিউ)। |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। মোজাইক/টাইলস মেঝে বিশিষ্ট ব্যবহারযোগ্য কক্ষ ও গোসলখানা | ১১.০০ টাকা | ১১.৭৫ টাকা | ১৩.০০ টাকা | ১৪.৫০ টাকা | ১৬.০০ টাকা |
| ২। মোজাইক/টাইলস মেঝে বিশিষ্ট দেয়াল বেষ্টিত বারান্দা | ১০.৫০ টাকা | ১২.২৫ টাকা | ১২.০০ টাকা | ১৩.৫০ টাকা | ১৫.০০ টাকা |
| ৩। মোজাইক/টাইলস মেঝে বিশিষ্ট খোলা বারান্দা, সিড়িঘর, সিড়ি ইত্যাদি | ৮.৭৫ টাকা | ৯.৭৫ টাকা | ১০.৫০ টাকা | ১১.০০ টাকা | ১২.৭৫ টাকা |
| ৪। সিমেন্ট/রেড অক্সাইড মেঝে বিশিষ্ট ব্যবহারযোগ্য কক্ষ ও গোসলখানা | ৯.১৫ টাকা | ১১.০০ টাকা | ১১.৭৫ টাকা | ১২.৫০ টাকা | ১২.৫০ টাকা |
| ৫। সিমেন্ট/রেড অক্সাইড মেঝে বিশিষ্ট দেয়াল বেষ্টিত বারান্দা | ৮.০০ টাকা | ৮.৭৫ টাকা | ৯.৭৫ টাকা | ১০.০০ টাকা | ১১.৫০ টাকা |
| ৬। সিমেন্ট/রেড অক্সাইড মেঝে বিশিষ্ট খোলা বারান্দা | ৬.৫০ টাকা | ৭.২৫ টাকা | ৮.৫০ টাকা | ৮.৭৫ টাকা | ১০.৫০ টাকা |
| ৭। গ্যারেজ, বহির্বাটি ও টয়লেট | ৫.২৫ টাকা | ৫.৫০ টাকা | ৬.০০ টাকা | ৭.৫০ টাকা | ৯.০০ টাকা |

Generated by CamScanner from intsig.com

(খ) ঢাকা মহানগরী ব্যতিত বিভাগীয় সদর ও জেলা সদরের বেসরকারি বাড়ী ভাড়ার হারঃ

| নং | ভবনের বিশদ বিবরণ | বিভাগীয় সদর দপ্তরের জন্য ভাড়ার হার (প্রতি বর্গফুটে) | | জেলা সদর দপ্তরের জন্য ভাড়ার হার (প্রতি বর্গফুটে) | | |
|---|---|---|---|---|---|---|
| | | চট্টগ্রাম, সিলেট, ঢাকা জেলার সাভার, গাজীপুর জেলার টঙ্গি। | খুলনা, রাজশাহী ও বরিশাল | পুরাতন জেলা শহর ও নারায়ণগঞ্জ | গাজীপুর ও কেরানীগঞ্জ | নতুন জেলা শহর (নারায়ণগঞ্জ, গাজীপুর, সাভার, টঙ্গি ও কেরানীগঞ্জ ব্যতীত) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | মোজাইক/টাইলস মেঝে বিশিষ্ট ব্যবহারযোগ্য কক্ষ ও গোসলখানা। | ৮.০০ টাকা | ৬.৫০ টাকা | ৭.০০ টাকা | ৭.৫০ টাকা | ৬.০০ টাকা |
| ২। | মোজাইক/টাইলস মেঝে বিশিষ্ট দেয়াল বেষ্টিত বারান্দা | ৭.৫০ টাকা | ৬.০০ টাকা | ৬.০০ টাকা | ৬.৫০ টাকা | ৫.৫০ টাকা |
| ৩। | মোজাইক/টাইলস মেঝে বিশিষ্ট খোলা বারান্দা, সিড়িঘর, সিড়ি ইত্যাদি | ৬.৫০ টাকা | ৫.৫০ টাকা | ৫.২৫ টাকা | ৫.৫০ টাকা | ৪.০০ টাকা |
| ৪। | সিমেন্ট/রেড অক্সাইড মেঝে বিশিষ্ট ব্যবহারযোগ্য কক্ষ ও গোসলখানা। | ৬.০০ টাকা | ৫.৫০ টাকা | ৫.০০ টাকা | ৫.৫০ টাকা | ৩.৫০ টাকা |
| ৫। | সিমেন্ট/রেড অক্সাইড মেঝে বিশিষ্ট দেয়াল বেষ্টিত বারান্দা। | ৫.৫০ টাকা | ৫.০০ টাকা | ৫.২৫ টাকা | ৫.৫০ টাকা | ৩.০০ টাকা |
| ৬। | সিমেন্ট/রেড অক্সাইড মেঝে বিশিষ্ট খোলা বারান্দা। | ৪.৫০ টাকা | ৪.০০ টাকা | ৪.০০ টাকা | ৪.৫০ টাকা | ৩.০০ টাকা |
| ৭। | গ্যারেজ, বহির্বাটি ও টয়লেট। | ৩.০০ টাকা | ২.৫০ টাকা | ২.০০ টাকা | ৩.০০ টাকা | ২.০০ টাকা |

২। পুনঃনির্ধারিত ভাড়ার হার সংক্রান্ত সরকারি আদেশ জারীর পর উপরোল্লিখিত ভাড়ার হার কেবলমাত্র নতুনভাবে ভাড়া করা বেসরকারি বাড়ীর ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং এ সরকারি আদেশ জারীর পূর্বে ভাড়াকৃত বেসরকারি বাড়ীর ক্ষেত্রে চুক্তির মেয়াদ শেষ হওয়ার পর চুক্তি নবায়ন করা হলে উপরোক্ত পুনঃনির্ধারিত হার বিবেচ্য হবে।

৩। সরকারি অফিসের জন্য বেসরকারি বাড়ী ভাড়ার হারের সাথে মূল্য সংযোজন কর/ভ্যাট সংযুক্ত নয়। সরকারি নির্দেশনা অনুযায়ী মূল্য সংযোজন কর/ভ্যাট পৃথকভাবে যোগ করতে হবে।

৪। যথাসম্ভব ব্যয়বহুল এলাকার বাইরে এবং নির্ধারিত সর্বোচ্চ হার সীমার মধ্যে যতটুকু সম্ভব কম হারে বাড়ী ভাড়া করার প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

৫। সরকারি আবাসন পরিদপ্তর কর্তৃক নির্ধারিত অফিস স্থান প্রাপ্যতার সীমার মধ্যে প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ নিজেরাই বেসরকারি বাড়ী/ভবন ভাড়া করতে পারবে। তবে এরূপ বেসরকারি বাড়ী/ভবন ভাড়া করার পূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থা সরকারি আবাসন পরিদপ্তর হতে "বরাদ্দ করার মত বিধি মোতাবেক প্রাপ্য সরকারি অফিস স্থান নেই" এ মর্মে ছাড়পত্র গ্রহণ করতে হবে।

৬। ৩০ ফুট ও তদুর্ধ প্রসস্থ সড়কসমূহকে মূল সড়ক হিসেবে গন্য করে সরকারি অফিসের জন্য বেসরকারি বাড়ী ভাড়া করতে পারবে।

৭। ঢাকা মহানগরীসহ দেশের বিভাগীয় সদর ও জেলা সদর দপ্তরে লিফট সংযোজিত বাড়ীর ক্ষেত্রে মোট ভাড়ার ১০% যোগ করে বেসরকারি বাড়ী ভাড়া করতে পারবে।

৮। এতে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।

৯। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ইতোপূর্বে ২৯ অক্টোবর ২০০৭ তারিখের স্মারক নং-শা-২/২এম-১৬/২০০০/৫১৫ সংখ্যক পরিপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১০/২/২০১১
(সৈয়দা নূরুন নাহার)
উপ-সচিব
ফোন ঃ ৯৫৬২৩৬৩।

বিতরণঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, সকল মন্ত্রণালয়/বিভাগ(
৪। মহা হিসাব নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৫। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৬। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৭। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৮। চেয়ারম্যান, এনএইচএ/রাজউক/চউক/রাউক/খুউক।
৯। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর।
১০। যুগ্ম-সচিব(প্রশাসন/উন্নয়ন/মনিটরিং সেল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর/এইচবিআরআই/সরকারি আবাসন পরিদপ্তর/অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, ঢাকা।
১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

Generated by CamScanner from intsig.com